তৃণমূল পর্যায় দলকে সুসংগঠিত করতে হবে : কানাইঘাটে বিএনপি নেতা শামীম

কানাইঘাট প্রতিনিধিঃ
তৃণমূল পর্যায় দলকে সুসংগঠিত করতে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। ত্যাগী নেতাকর্মীদের মূল্যায়নের মাধ্যমে প্রতিটি ওয়ার্ড, ইউনিয়ন ও উপজেলা কমিটি গঠন করে আগামি দিনের আন্দোলন সংগ্রামকে তরান্বিত করতে হবে। আজ শনিবার বিকাল সাড়ে ৩টায় আল-রিয়াদ কমিউনিটি সেন্টারে কানাইঘাট উপজেলা ও পৌর বিএনপির যৌথ বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথাগুলো বলেন, জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সিলেট জেলা বিএনপির সাবেক সভাপতি আবুল কাহের চৌধুরী শামীম। সভায় উপজেলা বিএনপির আহবায়ক ইউপি চেয়ারম্যান আব্বাস উদ্দিনের সভাপতিত্বে ও বিএনপি নেতা হাজী জসিম উদ্দিন, খসরুজ্জামান পারভেজের যৌথ পরিচালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিলেট জেলা বিএনপির সহ সভাপতি সাবেক সংসদ সদস্য আব্দুল কাহির চৌধুরী, সিলেট জেলা বিএনপির সদস্য সাবেক উপজেলা চেয়ারম্যান আশিক উদ্দিন চৌধুরী, মাহবুবুর রব চৌধুরী ফয়ছল, ইসতিয়াক আহমদ সিদ্দিকী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, পৌর বিএনপির আহবায়ক কাউন্সিলর আবিদুর রহমান, উপজেলা যুবদলের আহবায়ক সাজ উদ্দিন সাজু, সাবেক ছাত্রদলের সভাপতি নজরুল ইসলাম, বিএনপি নেতা আব্দুল লতিফ, ফরিদ আহমদ, নুরুল ইসলাম বুলবুল, নুরুল আমিন, নিজাম উদ্দিন, আর এ বাবলু প্রমূখ। এ সময় নেতৃবৃন্দ দলের চেয়ারপার্স বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করেন। এবং নিজ নিজ উদ্যেগে দলের প্রত্যেক নেতারা যার যার মসজিদে বেগম জিয়ার সুস্থতা কামনা করে দোয়া মাহফিল আয়োজনের নির্দেশ দেওয়া হয়। নেতারা তাদের বক্তব্যে আরো বলেন আগামী ২৮ অক্টোবর লক্ষীপ্রসাদ পূর্ব ইউপি ও ১০ নভেম্বর কানাইঘাট পৌরসভা বিএনপির সম্মেলনের তারিখ ঘোষণা করেন। এছাড়াও আগামী ৫ নভেম্বরের মধ্যে প্রত্যেক ওয়ার্ডের কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়।